

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড  
আগারগাও, শেরেবাংলা নগর  
ঢাকা-১২০৭।

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং-৫৭.১৭.০০০.২০৩.৩৫.০০১.১২.২৫০৯

তারিখ: ০২-০৪-২০১৭ খ্রিঃ

প্রাপক  
অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট/প্রধান শিক্ষক

বিষয়: এসএসসি(ভোকেশনাল) ও দাখিল(ভোকেশনাল) শিক্ষাক্রমে দশম শ্রেণিতে আত্মকর্মসংস্থান ও ব্যবসায় উদ্যোগ বিষয় প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড পরিচালিত এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমের ২০১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের জন্য সিলেবাসে আত্মকর্মসংস্থান ও ব্যবসায় উদ্যোগ বিষয়টি অন্তর্ভুক্ত আছে দশম শ্রেণির জন্য। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) ঢাকা হতে প্রকাশিত বইটির কভারপেজে নবম ও দশম শ্রেণি উল্লেখ আছে। মূলত বইটির কভারপেজে দশম শ্রেণির জন্য উল্লেখ থাকার কথা। যেসকল শিক্ষার্থীরা ২০১৮ সনে দশম শ্রেণিতে অধ্যয়ন করবে বইটি তাদের সময় থেকে কার্যকর হবে এবং পরবর্তী শিক্ষাবর্ষ সমূহের জন্য অব্যাহত ভাবে কার্যকর থাকবে। ২০১৭ সনে দশম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীরা গত বছরে সরবরাহ কৃত আত্মকর্মসংস্থান ও ব্যবসায় উদ্যোগ বইটি অধ্যয়ন করবে। যেসকল শিক্ষার্থীরা ২০১৭ সনে নবম শ্রেণিতে অধ্যয়ন করছে ইঞ্জিনিয়ারিং ড্রইং বইটি তাদের সময় থেকে কার্যকর হবে এবং পরবর্তী শিক্ষাবর্ষ সমূহের জন্য অব্যাহত ভাবে কার্যকর থাকবে।

স্বাক্ষরিত

(মোঃ আজহারউল্লাহ)  
পরিচালক (কারিকুলাম)  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হল:

- ১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪।  সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।  
(তাকে অত্র পত্রখানা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ভোকেশনাল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭। জনাব.....।
- ৮। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৯। নথি।

(ড. প্রকৌশলী জাকারিয়া আব্বাসী)  
কারিকুলাম বিশেষজ্ঞ (ভোকেশনাল)  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।  
ফোন নং ০২-৮১৮১১২৩।